পাঠ্যক্রম

(SYLLABUS)

অঙ্কন ও চিত্রায়ণ বিভাগ

চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়

পাঠ্যক্রম

অঙ্কন ও চিত্রায়ণ বিভাগ

বি.এফ.এ. সম্মান প্রোগ্রাম (প্রস্তাবিত) :

বি.এফ.এ. সম্মান প্রোগ্রাম ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ থেকে কার্যকর

উদ্দেশ্য :

অঙ্কন ও চিত্রায়ণ বিভাগ এর প্রতিষ্ঠালগ্ন থেকেই ইউরোপীয় অ্যাকাডেমিক রীতির অনুসরণে অনুশীলন নির্ভর পাঠ্যক্রমের মাধ্যমে বি.এফ.এ. পর্যায়ে পাঠদান করে থাকে। বি.এফ.এ. সম্মান প্রোগ্রামের মাধ্যমে ছাত্র-ছাত্রীরা চিত্রকলার ঐতিহ্যবাহী ও আধুনিকতম বিভিন্ন মাধ্যম ও করণ-কৌশল সমূহের সঙ্গে পরিচিত হওয়ার পাশাপাশি রূপ জগতের বাস্তবানুগ-আয়োজন বিন্যাস তথা কম্পোজিশন, দূরাভাস, সমানুপাতিক উপস্থাপন এবং পরিবেশ-আবহ পরিস্ফুটনের জন্য প্রয়োজনীয় সম্পাদন-প্রক্রিয়া সম্পর্কে পর্যায়ক্রমিক শিক্ষা লাভের সুযোগ পাবে। তাছাড়া এই পাঠ্যক্রমকে ১ম বর্ষ থেকে ৪র্থ বর্ষ পর্যন্ত এমনভাবে সাজানো হয়েছে যে এর মাধ্যমে শিক্ষার্থীরা নির্ধারিত একাডেমিক শিক্ষায় দক্ষ হয়ে উঠবার পাশাপাশি পর্যায়ক্রমে নিরীক্ষাধর্মী সৃজনশীল চর্চার দিকেও এগিয়ে যেতে পারবে।

তত্ত্বীয় পাঠ্যসূচির মূল উদ্দেশ্য হচ্ছে শিক্ষার্থীদের বিশ্বশিল্পের অতীত ও বর্তমান ইতিহাস এবং নান্দনিক গুণাগুন সম্পর্কে সুস্পষ্ট ধারণা লাভের সুযোগ তৈরি করে দেওয়া এবং শিক্ষার্থীকে শিল্পালোচনা-সমালোচনা বিশ্লেষণ ইত্যাদির মাধ্যমে নিজ চর্চায় সচেতনতার সাথে অগ্রসর হতে প্রেরণা যোগানো। বি.এফ.এ পর্যায়ে পাঠ গ্রহনের মাধ্যমে শিক্ষার্থীরা শিল্পকলা ও শিল্পজগৎ সম্বন্ধে জ্ঞান ও তথ্য সম্বলিত হয়ে নিজ-নিজ কর্মক্ষেত্রে অর্থবহ ও তাৎপর্যপূর্ণ ভূমিকা রাখতে যেমন আত্মবিশ্বাসী ও স্বাবলম্বী হয়ে উঠবে তেমনি এম.এফ.এ. প্রোগ্রামের নিরীক্ষাধর্মী অনুশীলনের সঙ্গে যোগাযোগ ও সামঞ্জস্য তৈরিতেও সক্ষম হয়ে উঠবে।

বি.এফ.এ. (সম্মান) কোর্সটি ৪ বছরে সম্পন্ন হবে। প্রতি বর্ষে শিক্ষার্থীরা পরীক্ষার মাধ্যমে পরবর্তী বর্ষে উন্নীত হবে। ৪র্থ বর্ষ বি.এফ.এ. (সম্মান) পরীক্ষার ফলবিন্যাস পর্যায়ে ৪ বর্ষের মোট নম্বর যোগ করে চূড়ান্ত ফলাফল নির্ধারণ করা হবে।

নম্বর বিভাজন :

ব্যবহারিক ও তত্ত্বীয় বিষয়ের সমন্বয়ে নির্দিষ্ট নম্বর ও ক্রেডিট :

১ম বর্ষ বি.এফ.এ (সম্মান) (ইনকোর্স ও কোর্স ফাইনাল) মোট ৬০০ - ক্রেডিট ৫৪

২য় বর্ষ বি.এফ.এ (সম্মান) (ইনকোর্স ও কোর্স ফাইনাল) মোট ৫০০ - ক্রেডিট ৪৪

৩য় বর্ষ বি.এফ.এ (সম্মান) (ইনকোর্স ও কোর্স ফাইনাল) মোট ৫০০ - ক্রেডিট ৪৪

৪র্থ বর্ষ বি.এফ.এ (সম্মান) (ইনকোর্স ও কোর্স ফাইনাল) মোট ৬০০ - ক্রেডিট ৪৮

কোর্সসমূহের সর্বমোট নম্বর : ২২০০ ও সর্বমোট ক্রেডিট : ১৯০

ব্যবহারিক (অংকন ও নির্মাণ) বিষয়ের নম্বর : ১৭০০ ও তত্ত্বীয় বিষয়ের নম্বর : ৫০০

প্রথম বর্ষ: ব্যবহারিক ৫০০ + তত্ত্বীয় ১০০, মোট ৬০০

দ্বিতীয় বর্ষ: ব্যবহারিক ৪০০ + তত্ত্বীয় ১০০, মোট ৫০০

তৃতীয় বর্ষ: ব্যবহারিক ৪০০ + তত্ত্বীয় ১০০, মোট ৫০০

চতুর্থ বর্ষ: ব্যবহারিক ৪০০ + তত্ত্বীয় ২০০, মোট ৬০০

১০০	নম্বরের	জন্য	ব্যবহারিক*	বিষয়ের	ক্ষেত্রে	কমপক্ষে	১৫০	ঘন্টা	ক্লাস	ক্রেডিট	পয়েন্ট	:	১০
৫০	”	”	”	”	”	”	৭৫	”	”	”	”	:	৫
১০০	”	”	তত্ত্বীয়	”	”	”	৬০	”	”	”	”	:	৪
৫০	”	”	”	”	”	”	৩০	”	”	”	”	:	২

* ব্যবহারিক বিষয়ের জন্য কমপক্ষে প্রতি বিষয়ে ৫ (পাঁচ) টি ক্লাস। ১৫ ঘন্টায় ১ (এক) ক্রেডিট

বি এফ এ সম্মান প্রোগ্রামের কোর্স বিবরণী :

বি এফ এ ১ম বর্ষ সম্মান
সর্বমোট নম্বর ৬০০, মোট ক্রেডিট : ৫৪

১. কোর্স নং : ১১১ **বিষয় : ড্রইং (Drawing)।**
পূর্ণমান-১০০ (ইনকোর্স ৫০{ক্লাস ৪০+ স্কেচ খাতা ১০}+ পরীক্ষা ৫০) ক্রেডিট - ১০
[তৈজসপত্র ও ব্যবহারিক দ্রব্যসামগ্রী, গাছের পাতা, মানুষ ও পশু-পাখির রেখার সাহায্যে অঙ্কন।]
মাধ্যম : পেন্সিল, কালি ও কলম, তুলি-কালি (কাগজের ওপর)

২. কোর্স নং : ১১২ **বিষয় : অনুশীলন ও কম্পোজিশন (Study and Composition)।**
পূর্ণমান-১০০ (ইনকোর্স ৫০{ক্লাস ৪০+ স্কেচ খাতা ১০}+ পরীক্ষা ৫০) ক্রেডিট- ১০
[আলো-ছায়া নির্ণয় সাপেক্ষে তৈজসপত্র, ব্যবহারিক দ্রব্য সামগ্রী, ঘর-বাড়ি, গাছ-পালা ও যাদুঘরে রক্ষিত ভাস্কর্য ইত্যাদির অনুপুঙ্খ অনুশীলন এবং অনুশীলীত রূপ গুলো নিয়ে জড় জীবন, নিসর্গ, দৈনন্দিন জীবন, ইত্যাদি বিষয়ের উপযোগী করে চিত্র-পটে বিন্যাস]
মাধ্যম : পেন্সিল, কালি ও কলম, জল রং (মনোক্রোম)

৩. কোর্স নং : ১১৩ **বিষয় : পরিপ্রেক্ষিত (Perspective)।**
পূর্ণমান-১০০ (ইনকোর্স ৫০{ক্লাস ৪০+ স্কেচ খাতা ১০}+ পরীক্ষা ৫০) ক্রেডিট- ১০
[জ্যামিতিক ও মৌলিক গড়ন সমূহ, আসবাবপত্র, পথ-ঘাট ও দালান কোঠা] রৈখিক ও বায়বীয়]
মাধ্যম : পেন্সিল, কালি-কলম, জল রং (মনোক্রোম)

৪. কোর্স নং : ১১৪ **বিষয় : স্কেচ (Sketch)।**
পূর্ণমান-১০০ (ইনকোর্স ৫০{ক্লাস ৪০+ স্কেচ খাতা ১০ + পরীক্ষা ৫০) ক্রেডিট- ১০
[প্রকৃতি, জনপদ ও জনজীবন ভিত্তিক বিভিন্ন দৃশ্যের নমুনা চিত্র]
মাধ্যম : পেন্সিল, কালি-কলম

৫. কোর্স নং : ১১৫ **বিষয় : মৌলিক নকসা (Basic Design)।**
পূর্ণমান-১০০ (ইনকোর্স ৫০ + পরীক্ষা ৫০) ক্রেডিট- ১০
মাধ্যম : জ্যামিতিক ও মৌলিক ফর্ম, কালি, কলম, রং, তুলি

৬. কোর্স : ৯০১ **বিশ্বশিল্পের ইতিহাস (History of World Art)।**
পূর্ণমান- ১০০ (ইনকোর্স টিউটোরিয়াল ১৫ + ইনকোর্স মৌখিক ১০ + পরীক্ষা ৭৫) ক্রেডিট-০৪
[প্রাগৈতিহাসিক কাল থেকে ১৪০০ শতক পর্যন্ত : পুরাতন প্রস্তর ও নব্যপ্রস্তর যুগ, প্রাচীন মিসরীয়, মেসোপোটেমীয়, এজিয়, গ্রিক, চীনা, কোরীয়, জাপানী, এট্রুসকান, রোমান, প্রাচীন যুগের শেষ প্রান্তের শিল্পকলা (বহু ঈশ্বরবাদী, ইহুদী ও খ্রিষ্টান), বাইজেন্টীয়, রোমানেস্ক, গথিক, ইসলামী।]

বি এফ এ ২য় বর্ষ সম্মান

সর্বমোট নম্বর ৫০০, মোট ক্রেডিট : ৪৪

১. **কোর্স নং : ১২১** **বিষয় : ফিগার ড্রইং** (Figure Drawing)।
পূর্ণমান-৫০(ইনকোর্স ২৫{ক্লাস ২০+ স্কেচ খাতা ৫}+ পরীক্ষা ২৫) ক্রেডিট - ৫
[মানব অবয়ব ও জীব-জন্তু]
মাধ্যম : পেন্সিল, চারকোল, কালিকলম ও কালিতুলি।

২. **কোর্স নং : ১২২** **বিষয় : হেড স্টাডি** (Head Study)।
পূর্ণমান-৫০(ইনকোর্স ২৫{ক্লাস ২০+ স্কেচ খাতা ৫}+ পরীক্ষা ২৫) ক্রেডিট - ১০
[মানুষের মুখমন্ডল]
মাধ্যম : পেন্সিল, প্যাস্টেল, জলরং, কালি কলম

৩. **কোর্স নং : ১২৩** **বিষয় : অনুশীলন ও কম্পোজিশন** (Study and Composition)।
পূর্ণমান-১০০ (ইনকোর্স ৫০{ক্লাস ৪০+ লে আউট ১০}+ পরীক্ষা ৫০) ক্রেডিট - ৫
[তৈজসপত্র, ফলমূল-সবজি, গাছপালার ক্লোজআপ, পশু পাখি ইত্যাদির অনুশীলন এবং অনুশীলিত রূপ নিয়ে কম্পোজিশন]
মাধ্যম : পেন্সিল, জলরং, কালি কলম

৪. **কোর্স নং : ১২৪** **বিষয় : ল্যান্ডস্কেপ** (Landscape)।
পূর্ণমান-৫০ (ইনকোর্স ২৫{ক্লাস ২০+ স্কেচ খাতা ৫}+ পরীক্ষা ২৫) ক্রেডিট ৫
[চারুকলা চত্বর, পার্ক, অন্যান্য ভূদৃশ্যাবলি]
মাধ্যম : জলরং

৫. **কোর্স নং : ১২৫** **বিষয় : স্কেচ** (Sketch)।
পূর্ণমান-৫০ (ইনকোর্স ২৫ + পরীক্ষা ২৫) ক্রেডিট - ৫
[প্রকৃতি, জনপদ ও জনজীবন ভিত্তিক বিভিন্ন দৃশ্য]
মাধ্যম : পেন্সিল, কালি কলম, জলরং এবং ওয়াশ-পেন।

৬. **কোর্স নং : ১২৬** **স্টিল লাইফ** (Still Life)।
[তৈজসপত্র, ফলমূল-সবজি, ড্রাপারি সহ বিভিন্ন দ্রব্য সামগ্রী]
পূর্ণমান-৫০ (ইনকোর্স ২৫{ক্লাস ২০+ স্কেচ খাতা ৫}+ পরীক্ষা ২৫) ক্রেডিট - ৫
মাধ্যম : জলরং, তেল রং (মনোক্রম)

৭. **কোর্স নং : ২০৭** **বিষয় : শিল্প উপকরণ কৌশল ও সংরক্ষণ** (Art material technique & Conservation)।
পূর্ণমান-৫০ (ইনকোর্স ২০ + পরীক্ষা ৩০) ক্রেডিট - ৫
[তত্ত্বীয় ও ব্যবহারিক]
[জল রং, তেল রং, ফ্রেসকো, টেম্পারা, এ্যাক্রেলিক, গোয়াশ, পিগমেন্ট, বাইন্ডার, সাপোর্টের ইতিহাস, বৈশিষ্ট্যকরণ কৌশল এবং রক্ষণাবেক্ষণ]

৮. **কোর্স ৯১১ : পাশ্চাত্য শিল্পের ইতিহাস (History of Western Art)**।

পূর্ণমানু ১০০ (ইনকোর্স টিউটোরিয়াল ১৫ + ইনকোর্স মৌখিক ১০ + পরীক্ষা ৭৫) ক্রেডিট - ৪

[১৫ শতক থেকে ১৯ শতক: রেনেসাঁ, ম্যানারিজম, ব্যারোক, রোকোকো, নিও-ক্ল্যাসিসিজম,রোমান্টিসিজম, রিয়ালিজম, ইমপ্রেসনিজম, পোস্ট-ইমপ্রেসনিজম ইত্যাদি।]

বি এফ এ ৩য় বর্ষ সম্মান

সর্বমোট নম্বর : ৫০০, মোট ক্রেডিট : ৪৪

১. কোর্স নং : ১৩১ **বিষয় : ড্রইং** (Drawing)।
পূর্ণমান-৫০ (ইনকোর্স ২৫ {ক্লাস ২০+ স্কেচ খাতা-৫} + পরীক্ষা ২৫) ক্রেডিট -৫
[মানব অবয়ব ও জীবজন্তু]
মাধ্যম : পেন্সিল, চারকোল, কালি-কলম ও কালি-তুলি।

২. কোর্স নং : ১৩২ **বিষয় : ফিগার পেইন্টিং** (Figure Painting)।
পূর্ণমান-৫০ (ইনকোর্স ২৫ {ক্লাস ২০+ স্কেচ খাতা-৫} + পরীক্ষা ২৫) ক্রেডিট -৫
[মানব অবয়ব]
মাধ্যম : অনচ্ছ, তেল রং, এ্যাক্রেলিক, গোয়াশ।

৩. কোর্স নং : ১৩৩ **বিষয় : হেড স্টাডি** (Head Study)।
পূর্ণমান-৫০ (ইনকোর্স ২৫ {ক্লাস ২০+ স্কেচ খাতা-৫} + পরীক্ষা ২৫) ক্রেডিট -৫
[মানুষের মুখমন্ডল]
মাধ্যম : অনচ্ছ, তেল রং, এ্যাক্রেলিক, গোয়াশ।

৪. কোর্স নং : ১৩৪ **বিষয় : স্কেচ ও ল্যান্ডস্কেপ** (Sketch and Landscape)।
পূর্ণমান-৫০ (ইনকোর্স ২৫ + পরীক্ষা ২৫) ক্রেডিট -৫
[প্রকৃতি, জনপদ ও জনজীবন ভিত্তিক বিভিন্ন দৃশ্য]
মাধ্যম : পেন্সিল, কালি কলম, তেল রং, এ্যাক্রেলিক।

৫. কোর্স নং : ১৩৫ **বিষয় : স্টিল লাইফ ভিত্তিক কম্পোজিশন** (Still Life based Composition)।
পূর্ণমান-১০০ (ইনকোর্স ৫০ {ক্লাস ৪০+ লে-আউট-১০}+ পরীক্ষা ৫০) ক্রেডিট -১০
[তৈজসপত্র, ফলমূল-সবজি, ড্রাপারি সহ বিভিন্ন দ্রব্য সামগ্রী]
মাধ্যম : অনচ্ছ, তেল রং, গোয়াশ, এ্যাক্রেলিক।

৬. কোর্স নং : ১৩৬ **বিষয় : ফিগার কম্পোজিশন** (Figure Composition)।
পূর্ণমান-১০০ (ইনকোর্স {পেইন্টিং-৪০+ লে-আউট ১০} ৫০ + পরীক্ষা ৫০) ক্রেডিট -১০
মাধ্যম : মিশ্রমাধ্যম, জলরং, তেলরং, এ্যাক্রেলিক।

৭. কোর্স ৯২১ : দক্ষিণ এশিয়া ও বাংলার শিল্পের ইতিহাস (History of South Asian & Bengal Art)।

পূর্ণমান - ১০০ (ইনকোর্স টিউটোরিয়াল ১৫ + ইনকোর্স মৌখিক ১০ + পরীক্ষা ৭৫) ক্রেডিট - ৪

প্রাগৈতিহাসিক কাল থেকে ১৯৪৭ সাল পর্যন্ত :

ক) দক্ষিণ এশিয়া : প্রাগৈতিহাসিক শিল্প নিদর্শন, সিন্ধু সভ্যতা, বৈদিক ও মহাকাব্যিক কাল, মৌর্য,সুঙ্গ, কুশান, অন্ধ্র, গুপ্ত ও গুপ্ত পরবর্তী

কালের শিল্প।

খ) বাংলা : খড়্গ, পাল, দেব, চন্দ্র, বর্মন, সেন, সুলতানী, মোগল (মুর্শিদাবাদী, কোম্পানি আমল সহ) থেকে ভারত বিভাগপূর্ব।

বি এফ এ ৪র্থ বর্ষ সম্মান

সর্বমোট নম্বর : ৬০০, মোট ক্রেডিট : ৪৮

১. কোর্স নং : ১৪১ **বিষয় : ড্রইং (Drawing)।**

পূর্ণমান-৫০ (ইনকোর্স ২৫ + পরীক্ষা ২৫) ক্রেডিট - ৫

[মানব অবয়ব ও জীবজন্তু]

মাধ্যম : পেন্সিল, চারকোল, কালি-কলম, কালি-তুলি ও মিশ্র।

২. কোর্স নং : ১৪২ **বিষয় : ফিগার কম্পোজিশন (Figure Composition)।**

পূর্ণমান-১০০ (ইনকোর্স ৫০{পেইন্টিং ৪০+ লে-আউট১০}+ পরীক্ষা ৫০) ক্রেডিট - ১০

[মানুষ ও জীবজন্তু ভিত্তিক]

মাধ্যম : তেল রং, গোয়াশ, এ্যাক্রেলিক।

৩. কোর্স নং : ১৪৩ **বিষয় : ফিগার পেইন্টিং (Figure Painting)।**

পূর্ণমান-১০০ (ইনকোর্স ৫০ + পরীক্ষা ৫০) ক্রেডিট - ১০

[মানব অবয়ব]

মাধ্যম : তেল রং, গোয়াশ, এ্যাক্রেলিক।

৪. কোর্স নং : ১৪৪ **বিষয় : হেড স্টাডি (Head Study)।**

পূর্ণমান-৫০ (ইনকোর্স ২৫ + পরীক্ষা ২৫) ক্রেডিট -৫

[মানুষের মুখমন্ডল]

মাধ্যম : তেল রং, গোয়াশ, এ্যাক্রেলিক।

৫. কোর্স নং : ১৪৫ **বিষয় : নিরীক্ষামূলক কম্পোজিশন (Experimental Composition)।**

পূর্ণমান-৫০ (ইনকোর্স ২৫ { পেইন্টিং-২০+ লেআউট ৫}+ পরীক্ষা ২৫) ক্রেডিট -৫

মাধ্যম : উন্মুক্ত

৬. কোর্স নং : ১৪৬ **বিষয় : স্কেচ ও ল্যান্ডস্কেপ (Sketch and Landscape)।**

পূর্ণমান-৫০ (ইনকোর্স ২৫ + পরীক্ষা ২৫) ক্রেডিট -৫

[প্রকৃতি এবং জনপদ ও জনজীবন ভিত্তিক বিভিন্ন দৃশ্য]

মাধ্যম : পেন্সিল, কালি কলম, তেল রং, এ্যাক্রেলিক।

৭. কোর্স ৯৩১ : নন্দনতত্ত্ব (Aesthetics)।

পূর্ণমান : ১০০ (ইনকোর্স টিউটোরিয়াল ১৫ + ইনকোর্স মৌখিক ১০ + পরীক্ষা ৭৫) ক্রেডিট - ৪

[মৌলিক নন্দনতত্ত্ব, নন্দনতত্ত্বের তত্ত্ব, শিল্পদর্শন, সমালোচনা দর্শন ও শিল্পতত্ত্ব সমূহ (পাশ্চাত্য, ভারত, চীন, জাপান)।]

৮. কোর্স ৯৩২: বিশ শতক এবং লোক ও নৃ গোষ্ঠীর শিল্প (Folk, Ethnic & 20th Century Art)।

পূর্ণমান - ১০০ (ইনকোর্স টিউটোরিয়াল ১৫ + ইনকোর্স মৌখিক ১০ + পরীক্ষা ৭৫) ক্রেডিট - ৪

[ক) লোক ও নৃ-গোষ্ঠীর শিল্প : সংজ্ঞা, বাংলার লোক ও নৃ-গোষ্ঠীর শিল্প, আফ্রিকা, ওশেনিয়া, অস্ট্রেলিয়া, উত্তর ও দক্ষিণ আমেরিকার নৃ-গোষ্ঠীর শিল্পের প্রাথমিক পরিচিতি।

খ) বিংশ শতাব্দীর শিল্প : আধুনিক শিল্পের বিকাশ, বিংশ শতকের প্রথম ভাগের শিল্প, আধুনিক থেকে উত্তর-আধুনিক এবং পরবর্তী শিল্প।]